Total No. of Printed Pages—4

# 5 SEM TDC DSE BNL (CBCS) 1 (H/NH)

## 2024

( November )

## BENGALI

( Discipline Specific Elective )

( For Honours/Non-Honours )

Paper : DSE–1

( আধুনিক ভাষা অনুশীলন )

*Full Marks* : 80

*Pass Marks* : 32

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

### বিভাগ—ক

( আধুনিক ভাষার ব্যাকরণ )

১। যে-কোন দুটি প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

(ক) প্রত্যয় কাকে বলে? উদাহরণসহ প্রত্যয়ের শ্রেণিবিভাগের পরিচয় দাও।

(খ) সমাসের সংজ্ঞা দাও। সমাস কয় প্রকার ও কী কী, উদাহরণসহ আলোচনা করো।

(গ) বিশেষণ পদের সংজ্ঞা দাও। উদাহরণসহ বিশেষণ পদের প্রকারভেদ আলোচনা করো।

২। যে-কোন দুটি প্রশ্নের উত্তর দাও : ৪×২=৮

(ক) সন্ধির বিভিন্ন প্রকারভেদ উদাহরণ সহযোগে উল্লেখ করো।

(খ) সর্বনাম পদ কয় প্রকার ও কী কী? উদাহরণ দাও।

(গ) বিভক্তি ও প্রত্যয়ের পার্থক্য আলোচনা করো।

৩। যে-কোন ছয়টি প্রশ্নের উত্তর দাও : ২×৬=১২

(ক) সন্ধিবিচ্ছেদ করো (যে-কোন দুটি) :

পরীক্ষাগার; উল্লেখ; পরিষ্কার; বিদ্যালয়।

(খ) সমাস নির্ণয় করো (যে-কোন দুটি) :

নীরস; লোক দেখানো; হরগৌরী; সিংহাসন।

(গ) প্রত্যয় নির্ণয় করো (যে-কোন দুটি) :

দহন; মোগলাই; লৌকিক; যাচাই।

(ঘ) কারক ও বিভক্তি নির্ণয় করো (যে-কোন দুটি) :

(১) <u>ক্ষুধার্তকে</u> অন্ন দাও।

(২) কালো <u>মেঘে</u> বৃষ্টি বয়।

(৩) রাজকন্যে সোনার <u>থালায়</u> খান।

(৪) এ <u>কলমে</u> লেখা যায় না।





(ঙ) একটি করে সমাপিকা ও অসমাপিকা ক্রিয়ার উদাহরণ দাও।

(চ) দুটি নামধাতুজ ক্রিয়ার উদাহরণ দাও।

(ছ) বিশেষণ পদের দুটি উদাহরণ দাও।

## বিভাগ—খ

### ( বাক্য প্রকরণ )

৪। যে-কোন দুটি প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

(ক) মৌলিক শব্দ কাকে বলে? বাংলা মৌলিক শব্দ কয়টি শ্রেণিতে বিভক্ত, উদাহরণসহ আলোচনা করো।

(খ) বাচ্য-পরিবর্তনের শ্রেণিবিভাজন করে উদাহরণসহ তুলনামূলক আলোচনা করো।

(গ) শব্দভাণ্ডার কাকে বলে? শব্দভাণ্ডারকে কয়টি ভাগে ভাগ করা যায়? উদাহরণসহ আগন্তুক ও নবগঠিত শব্দ আলোচনা করো।

৫। সংক্ষেপে লেখো (যে-কোন দুটি) : ৫×২=১০

(ক) বাক্যের গঠনগত শ্রেণিবিভাগগুলি উদাহরণ সহযোগে আলোচনা করো।

(খ) বাক্যসংহতি বা বাক্য-সংকোচন কাকে বলে? চারটি উদাহরণ সহযোগে বাক্য-সংকোচন বুঝিয়ে দাও।

(গ) বাক্য গঠনের সাধারণ শর্তগুলি উদাহরণসহ আলোচনা করো।

৬। যে-কোন পাঁচটি প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

(ক) প্রবাদ-প্রবচনগুলি বাক্যে প্রয়োগ করো (যে-কোন দুটি) :

উদোর পিণ্ডি বুধোর ঘাড়ে ; অতি লোভে তাঁতি নষ্ট ; ভিক্ষার চাল কাঁড়া আঁকাড়া ; অল্পবিদ্যা ভয়ঙ্করী।

(খ) বাগ্‌ধারাগুলি অর্থসহ বাক্যে প্রয়োগ করো (যে-কোন দুটি) :

আঠারো মাসে বছর ; রথ দেখা কলা বেচা ; গোবর গণেশ ; অমাবস্যার চাঁদ।

(গ) বাক্য-সংকোচন করো (যে-কোন দুটি) :

অগ্রে গমন করে যে ; দর্শনের যোগ্য ; পরিব্রাজকের ভিক্ষা ; যে নারীর স্বামী বিদেশে থাকে।

(ঘ) সমোচ্চারিত ভিন্নার্থক শব্দগুলির অর্থ লেখো (যে-কোন দুটি) :

আপন / আপণ ; অংশ / অংস ; কুজন / কূজন ; করি / করী।

(ঙ) একটি সরল ও একটি জটিল বাক্যের উদাহরণ দাও।

(চ) একটি নির্দেশক ও একটি প্রশ্নবাচক বাক্যের উদাহরণ দাও।

★★★